# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়
## অর্ধবার্ষিক পরীক্ষা/২০২০
## শ্রেণী ঃ
## বিষয়ঃ বাংলা ২য়পত্র

সময়ঃ ২.০০ ঘন্টা পূর্ণমানঃ ৫০

**১. সারমর্ম/সারাংশ যে কোন ১টি। ৫**

ক) সময় ও স্রোত কাহারও জন্য অপেক্ষায় বসে থাকে না, চিরকাল চলিতে থাকে। সময়ের নিকট অনুনয় করো, ইহাকে ভয় দেখাও ভ্রুক্ষেপও করিবে না, সময় চলিয়া যাইবে, আর ফিরিবে না। নষ্ট স্বাস্থ্য ও হারানো ধন পুনঃপ্রাপ্ত হওয়া যায়, কিন্তু সময় একবার গত হইয়া গেলে আর ফিরিয়া আসে না। গত সময়ের জন্য অনুশোচনা করা নিষ্ফল। যতই কাঁদ না গত সময় আর ফিরিয়া আসিবে না।

খ) ছোট ছোট বালুকার কণা, বিন্দু বিন্দু জল
গড়ে তোলে মহাদেশ সাগর অতল।
মুহুর্ত-নিমেষ কাল, তুচ্ছ পরিমাণ,
রচে যুগ-যুগান্তর-অনন্ত মহান,
প্রত্যেক সামান্য ত্রুটি ক্ষুদ্র অপরাধ,
ক্রমে টানে পাপ পথে ঘটায় প্রমাদ।
প্রতি করুণার দান, স্নেহপূর্ণ বাণী,
-এ ধরায় স্বর্গ সুখ নিত্য দেয় আনি।

**২. ভাব সম্প্রসারণ যে কোন ১টি ৫**

ক) "লাইব্রেরী জাতির সভ্যতা ও উন্নতির মানদন্ড"

খ) "বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে"

**৩. অনুচ্ছেদ লিখ যে কোন ১টি ৫**

(ক) বায়ু দুষন (খ) যানজট

**৪. যে কোন একটি পত্র লিখঃ ৫**

ক) তোমার জীবনের লক্ষ্য জানিয়ে বড় ভাইকে চিঠি লিখ।

খ) জাতীয় শোকদিবসের অনুষ্ঠানের প্রস্তুতির জন্য ৪র্থ ঘন্টার পর ক্লাস স্থগিতের জন্য প্রধান শিক্ষকের নিকট একটি আবেদন পত্র লিখ।

**৫. যে কোন ১টি রচনা লিখঃ ১০**

(ক) বাংলাদেশের নদ-নদী

খ) জাতীয় কবি কাজী নজরুল ইসলাম

গ) কী ধরনের বই পড়তে তোমার ভাল লাগে।

**<u>বহু নির্বাচনী প্রশ্ন ২০টি</u> ২০x১=২০**

**১. একটি সার্থক বাক্যে কয়টি গুণ থাকে ?**
(ক) ৩টি (খ) ৪টি (গ) ৫টি (ঘ) ২টি

২. 'তার চুল পেকেছে কিন্তু বুদ্ধি পাকেনি'-এটা কোন বাক্য ?
(ক) সাধারন বাক্য (খ) সরল বাক্য (গ) মিশ্র বাক্য (ঘ) যৌগিক বাক্য

৩. 'হনন করার ইচ্ছা' এক কথায় প্রকাশ কোনটি ?
(ক) জিঘাংসা (খ) জিজ্ঞাসা (গ) হন্যকার (ঘ) হানিকর

৪. পাশাপাশি দুটি ধ্বনির মিলনকে কী বলে ?
(ক) বর্ণ (খ) দ্বন্ধ (গ) সন্ধি (ঘ) সমাস

৫. 'মালা শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি ?
(ক) মালিকা (খ) মালবিকা (গ) মালানী (ঘ) মালিনী

৬. বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্ন কয়টি?
(ক) ৮টি (খ) ১১টি (গ) ১০টি (ঘ) ১২টি

৭. 'অগ্রজ' শব্দটির বিপরীত শব্দ কী ?
(ক) অনুজ (খ) গ্রহীতা (গ) অগ্র (ঘ) পশ্চাৎ

৮. 'শশক'-এর সমার্থক শব্দ কোনটি ?
(ক) চাঁদ (খ) খরগোশ (গ) সমুদ্র (ঘ) পাহাড়

৯. 'অর্ধচন্দ্র' বাগধারাটির সঠিক অর্থ কোনটি ?
(ক) গলাধাক্কা (খ) ভীষন ব্যাপার (গ) ভরাডুবি (ঘ) নির্বোধ

১০. বাচ্য প্রধানত কত প্রকার ?
(ক) দুই (খ) তিন (গ) চার (ঘ) পাঁচ

১১. ভাব বিনিময়ের ভাষা একটি উন্নত-
(ক) মাধ্যম (খ) চিত্র (গ) ইঙ্গিত (ঘ) নৃত্য

১২. কারক কত প্রকার ?
(ক) ৪ প্রকার (খ) ৫ প্রকার (গ) ৬ প্রকার (ঘ)৭ প্রকার

১৩. 'অন্ন' শব্দের ভিন্নার্থক কী ?
(ক) ভাত (খ) বালতি (গ) বোতল (ঘ) পানি

১৪. সংজ্ঞাবাচক বিশেষ্যের উদাহরণ-
i. সোনার তরী ii. বিষের বাঁশি iii. নকশি কাঁথার মাঠ
নিচের কোনটি সঠিক
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. কোনটি মধ্যম পুরুষ ?
(ক) আমি (খ) আপনি (গ) তিনি (ঘ) সে

১৬. 'মাঠ' শব্দের বিশ্লেষণ কোনটি ?
(ক) মেঠো (খ) মেটো (গ) মেঠ (ঘ) মেঠ্

১৭. 'কাজল ছবি আঁকে।'-এখানে 'ছবি' কোন কারক ?
(ক) কর্তৃকারক (খ) কর্মকারক (গ) করণ কারক (ঘ) অপাদান কারক

১৮.'নাবিক'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি ?
(ক) না+ইক (খ) নো+ইক (গ) নৌ+ইক (ঘ) নৈ+অক

১৯. নিচের কোনটি তৎসম শব্দ ?
(ক) হাত (খ) মস্তক (গ) কান (ঘ) দাঁত

২০. বিভক্তি যুক্ত শব্দ মাত্রকেই কী বলা হয় ?
(ক) বাক্য (খ) শব্দ (গ) সন্ধি (ঘ) পদ